# গৌড়লেখমালা

অক্ষয়কুমার মৈত্রেয়

সংস্কৃত বুক ডিপো
২৮/১, বিধান সরণী
কলকাতা-৭০০ ০০৬

## ।। পরিশিষ্ট ।।

গোপাল (আনুমানিক ৭৫০-৭৭০/৭৫ খ্রীষ্টাব্দ) এর পুত্র ধর্মপাল (আনুমানিক ৭৭০/৭৭৫-৮০২ খ্রীষ্টাব্দ) এর ছাব্বিশ রাজ্যবর্ষে ও বত্রিশ রাজ্যবর্ষে উৎকীর্ণ যথাক্রমে বোধগয়া (গয়া জেলা, বিহার) শিলালেখ কেশব-প্রশস্তি ও খালিমপুর (মালদা জেলা, পশ্চিমবঙ্গ) তাম্রশাসন, *গৌড়লেখমালা*-য় আলোচিত। এ বই এর নতুন সংস্করণে যে লেখগুলির আলোচনা এখন যোগ করা দরকার সেগুলি হ'ল — (১) তারিখবিহীন নালন্দা (বিহার) তাম্রশাসন (*Epigraphia Indica*, Vol. XXIII, pp. 290ff.; *Memoir, Archaeological Survey of India*, No. 66, p.84), (২) তারিখবিহীন নালন্দা (বিহার) শিলালেখ (*Memoir, Archaeological Survey of India*, No. 66, p.85), তারিখবিহীন বাল্‌গুদর (মুঙ্গের জেলা, বিহার) মূর্তিলেখ (*Epigraphia Indica*, Vol. XXVIII, p.140), ও (৪) পাহাড়পুর (রাজশাহী জেলা, বাংলাদেশ) লাঞ্ছন-মুদ্রা বা সীলমোহর লেখরাজি (K. N. Dikshit, 'Excavations at Paharpur', *Memoir, Archaeological Survey of India*, No. 55; *Archaeological Survey of India, Annual Report*, 1926-27, p. 149 ও 1929-30, p. 129).

ধর্মপালের পুত্র দেবপাল (আনুমানিক ৮০২/৮০৬-৮৪২-৪১ খ্রীষ্টাব্দ) এরও দুটি অভিলেখ *গৌড়লেখমালা*-য় আলোচিত হয়। এদুটি হ'ল— (১) তেত্রিশ রাজবর্ষের মুঙ্গের (বিহার) তাম্রশাসন (*Epigraphia Indica*, Vol. XVIII, pp. 304ff.) ও (২) তারিখবিহীন ঘোষরাবা (পাটনা জেলা, বিহার) শিলালেখ (*Indian Antiquary,* Vol. XVII, p. 307)। এই পালরাজার আরও যে অভিলেখ সমূহের আলোচনা নতুন সংস্করণে যোগ করতে হবে সেগুলি হ'ল — (১) তৃতীয় রাজ্যবর্ষের নালন্দা মূর্তিলেখ (*Memoir, Archaeological Survey of India*, No. 66, p. 87), (২) নবম রাজ্যবর্ষের কুরকিহার (গয়া জেলা, বিহার) মূর্তিলেখ (*Journal of the Bihar and Orissa Research Society*, Vol. XXVI, p. 251), (৩) পঁচিশ রাজ্যবর্ষের হিলসা (পাটনা জেলা, বিহার) মূর্তিলেখ (*ibid.*, Vol. X, p. 33; *Memoir, Archaeological Survey of India,* No. 66, p. 87), (৪) পঁয়ত্রিশ অথবা উনচল্লিশ রাজ্যবর্ষের নালন্দা (বিহার) তাম্রশাসন (*Epigraphia Indica*, Vol. XVII, pp. 318ff.; *Varendra Research Society Monograph,* No. 1; *Journal of the Asiatic Society of Bengal,* Letters, Vol. VII, pp. 215ff.), (৫) তারিখবিহীন নালন্দা (বিহার) অভিলেখ (*Memoir, Archaeological Survey of India,* No. 66. p. 88), (৬) তারিখবিহীন নালন্দা (বিহার) মূর্তিলেখ (*ibid.*, p. 88), (৭) তারিখবিহীন আশুতোষ সংগ্রহশালায় সংরক্ষিত শিলালেখ (*Annual Report of Indian Epigraphy*, 1949-50, No. B 2),